



# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



## সরকারিভাবে জর্ডান এর নিডেল ক্রাফট কোম্পানিতে মহিলা মেশিন অপারেটর ও চেকার নিয়োগে সরাসরি সাক্ষাৎকার

বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০০০.১১.০০২.২২- ২৪৫.৪

তারিখ: ২৯.০৩.২০২৬ খ্রি.

বোয়েসেল-এর মাধ্যমে জর্ডানস্থ নিডেল ক্রাফট কোম্পানি-এর অধীনে নিম্নবর্ণিত পদে দক্ষ মহিলা কর্মী নিয়োগ করা হবে:

ক্র.নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক মূল বেতন	আবেদনের মাধ্যম
০১	মেশিন অপারেটর (Machine operator)	৩৩০ (তিনশত ত্রিশ) জন (মহিলা)	১৩০ জর্ডানি দিনার	অনলাইন আবেদন লিংক: <a href="https://brms.boesl.gov.bd/">https://brms.boesl.gov.bd/</a> (অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০ টাকা ও চার্জ পরিশোধ করে আবেদন করতে হবে)
০২	চেকার (Checker)	১০০ (একশত) জন (মহিলা)		

(ক) চেকার পদের প্রার্থীদের এসএসসি /এইচএসসি (SSC/ HSC) পাশ, এবং বয়স ২২-৩৫ বছরের মধ্যে হতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

(খ) মেশিন অপারেটর পদের প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং বয়স ২২-৩৫-এর মধ্যে হতে হবে।

চাকরির শর্তাবলি:

- (১) চাকরির চুক্তি ৩ (তিন) বৎসর (নবায়নযোগ্য)।
- (২) দৈনিক ৮ (আট) ঘণ্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন এবং ওভারটাইম (স্বেচ্ছাধীন)।
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং পরিবহনের ব্যবস্থা করা হবে।
- (৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফিরে আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- (৫) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো ফৌজদারি মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত হবে।
- (৬) একাধিক পাসপোর্ট থাকলে সশ্বে আনতে হবে।
- (৭) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

বোয়েসেল- এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ: নির্বাচিত কর্মীদের বোয়েসেল- এর সার্ভিস চার্জ, জীবন বীমা এবং ওয়েজ আর্নার্স কল্যাণ ফি বাবদ সমুদয় খরচ কোম্পানি বহন করবে। মেডিকেল ফি, পিডিও ও ফিজিয়ার প্রিন্টের ফি নির্বাচিত কর্মীদের বহন করতে হবে। তবে জর্ডানে গমন করার পরে মেডিকেল ফি, পিডিও ও ফিজিয়ার প্রিন্টের ফি বাবদ খরচের টাকা কোম্পানি কর্মীকে ফেরত প্রদান করবেন।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে: (ক) ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা) (খ) মূল পাসপোর্ট (গ) মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ৪ (চার) সেট রঙিন ফটোকপি (ঘ) ভোটার আইডি কার্ড / জন্ম নিবন্ধন (ঙ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।

ইন্টারভিউয়ের তারিখ ও বার	উপস্থিত হওয়ার সময়	ইন্টারভিউয়ের স্থান
০৩ এপ্রিল ২০২৬ খ্রি., শুক্রবার	সকাল ৮.০০ টার মধ্যে	বাংলাদেশ কোরিয়া টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, দারুস সালাম, মিরপুর-১, ঢাকা

বিএমইটি পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) হতে গার্মেন্টস ট্রেডে প্রশিক্ষিত সনদধারীদের অগ্রাধিকার দেওয়া হবে
(চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল এ কোনো ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হয়)
বোয়েসেল কোনো নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোনো নগদ অর্থ প্রদান থেকে বিরত থাকুন
তথ্যের জন্য যোগাযোগের নম্বর: ০২৪৮৩১৯১২৫ ও ০২৪৮৩১৭৫১৫ ও প্রবাস বন্ধু কল সেন্টার ১৬১৩৫ (রবিবার হতে বৃহস্পতিবার)

বি: দ্র: অনলাইনে আবেদন আপনাকে ইন্টারভিউতে অংশগ্রহণের সুযোগ তৈরি করে দিবে, তবে চাকরির নিশ্চয়তা বহন করবে না। চাকরির জন্য আপনাকে অবশ্যই যোগ্যতা প্রমাণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

(বোয়েসেল কর্তৃপক্ষ)।

২৯/০৩/২০২৬

মাসুদ আলম শরীফ  
ব্যবস্থাপক (অর্থ ও হিসাব)

২৯/০৩/২৬

নু-এমং মারমা মহ  
উপ-মহাব্যবস্থাপক (বে.নি.)  
বোয়েসেল, ঢাকা।

### অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)  
৭১-৭২, ইফটান গার্ডেন  
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001:2015



### যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)  
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭  
ই-মেইল : [info@boesl.gov.bd](mailto:info@boesl.gov.bd)  
ওয়েব : [www.boesl.gov.bd](http://www.boesl.gov.bd)